



প্রেস বিজ্ঞপ্তি

ইউনেস্কোর জেনারেল কনফারেন্সের ভাইস-প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায়

মাননীয় শিক্ষামন্ত্রীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অভিনন্দন

সম্প্রতি প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর ৩৮তম সাধারণ অধিবেশনে ২০১৫-২০১৭ মেয়াদের জন্য বাংলাদেশ ইউনেস্কোর জেনারেল কনফারেন্সের ভাইস-প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় এবং বাংলাদেশ প্রতিনিধি দলের নেতা হিসেবে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি উক্ত অধিবেশনে ইউনেস্কোর ভাইস-প্রেসিডেন্টের চেয়ার অলংকৃত করায় মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ, জাতীয় বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে তাঁকে প্রাণঢালা শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। উক্ত অভিনন্দন বার্তায় মাননীয় উপাচার্য বলেন, “মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি’র গতিশীল নেতৃত্বে শিক্ষাক্ষেত্রে ইতোমধ্যে যুগান্তকারী সাফল্য ও অভাবনীয় অগ্রগতি সাধিত হয়েছে। আর আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের নেতৃত্বের এ স্বীকৃতি অগ্রগতির ধারাকে আরো এগিয়ে নেয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়